M.A./M.Sc. Part-I(DE) EXAMINATION, 2011

বাংলা

প্রথম পাঠক্রম

সময় : দু'ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। তুর্কী আক্রমণের ফলে বাংলার সমাজ ও সাহিত্যে যে সব পরিবর্তনের সূচনা হয় তা আলোচনা করুন। ১৫

অথবা

মালাধর বসুর *শ্রীকৃষ্ণবিজয়* কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দিন। রামায়ণ মহাভারতের তুলনায় ভাগবত কেন কম জনপ্রিয় ছিল — আলোচনা করুন।

২। চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীসাহিত্যের সংক্ষিপ্ত আলোচনা করে ঐ সময়ের দু'জন শ্রেষ্ঠ পদকর্তার কবিপ্রতিভার পরিচয় দিন। ১৫

অথবা

সমকালীন সাহিত্যধারায় নাথ সাহিত্যের স্বাতন্ত্র্য বিচার করুন।

৩। যে-কোনও চারটি প্রশ্নের উত্তর দিন। ৪×৫=২০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে জয়দেবের অন্তর্ভুক্তির কারণ কী ?

(খ) কৃত্তিবাসের *শ্রীরাম পাঁচালি*-র জনপ্রিয়তার কারণ কী ?

(গ) *শ্রীকৃষ্ণকীর্তন* কাব্যের রচনাকাল সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) *মৈমনসিংহগীতিকার* সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) *প্রাকৃতপৈঙ্গল* গ্রন্থের গুরুত্ব বিচার করুন।

(চ) জয়ানন্দের *চৈতন্যমঙ্গল* কাব্যের বিশেষত্ব বিচার করুন।

(ছ) বাংলা সাহিত্যের ইতিহাসে আলাওলের *পদ্মাবতী* গ্রন্থটির গুরুত্ব নিরূপণ করুন।

(জ) অষ্টাদশ শতকের বৈষ্ণবপদসংকলনের গুরুত্ব বিচার করুন।

M.A./M.Sc. Part-I(DE) Examination, 2011

বাংলা

দ্বিতীয় পাঠক্রম

সময় : দু'ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। উনিশ শতকের বাংলা কাব্যে আধুনিকতার কী রূপ প্রতিফলিত হয়েছে — আলোচনা করুন। ১৫

অথবা

শরৎচন্দ্রের প্রধান প্রধান উপন্যাসগুলির পরিচয় দিয়ে তাঁর জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা করুন।

২। বাংলা ঐতিহাসিক নাট্যধারার পরিচয় দিন। ১৫

অথবা

বাংলা সাহিত্যে *সবুজপত্র* পত্রিকার গুরুত্ব সম্পর্কে আলোচনা করুন।

৩। যে-কোনও **চারটি** প্রশ্নের উত্তর দিন। ৪×৫=২০

(ক) সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্য কী ?

(খ) একটি বাংলা রাজনৈতিক উপন্যাসের পরিচয় দিন।

(গ) বাংলা উপন্যাসের সূচনাপর্বে রচিত *আলালের ঘরের দুলাল* গ্রন্থটির গুরুত্ব আলোচনা করুন।

(ঘ) গণনাট্যের তিনটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য সম্পর্কে লিখুন।

(ঙ) সংক্ষেপে মৃত্যুঞ্জয় বিদ্যালংকারের গদ্যরচনার পরিচয় দিন।

(চ) বিষ্ণু দের কবিতার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন।

(ছ) ছোটগল্পকার হিসেবে মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব নিরূপণ করুন।

(জ) রবীন্দ্রনাথের যে-কোনও তত্ত্বনাটকের পরিচয় দিন।

M.A./M.Sc. Part-I(DE) EXAMINATION, 2011

বাংলা

তৃতীয় পাঠক্রম

সময় : দু'ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ভাষা আলোচনায় এককালিক ও কালানুক্রমিক পদ্ধতির ধারণাগুলি উদাহরণসহ আলোচনা করুন। ১৫

অথবা

প্রাচীন ভারতীয় আর্যভাষার কালসীমা নির্দেশ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দিন।

২। উদাহরণসহ বাংলা নঞর্থক বাক্যের গঠন ও প্রকৃতি সম্বন্ধে আলোচনা করুন। ১৫

অথবা

উপভাষা কাকে বলে ? বাংলা উপভাষার এলাকা বিভাজন নির্দেশ করে কামরূপী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দিন।

৩। যে-কোনও চারটি প্রশ্নের উত্তর দিন। ৪×৫=২০

(ক) সুতনুকা প্রত্নলেখ।

(খ) বহুবচন গঠন পদ্ধতি।

(গ) বাংলা অবিভাজ্য ধ্বনি।

(ঘ) ধ্বনি পরিবর্তনের কারণ।

(ঙ) বাংলা যৌগিক ক্রিয়ার গঠন।

(চ) বাংলা শব্দভাণ্ডারে আগন্তুক শব্দ।

(ছ) মৌখিক ও নাসিক্য ধ্বনি।

(জ) সাহিত্যিক প্রাকৃত ভাষা।

(ঝ) ভাষার প্রধান প্রধান বৈশিষ্ট্য।

M.A./M.Sc. Part-I(DE) EXAMINATION, 2011

বাংলা

চতুর্থ পাঠক্রম

সময় : দু'ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চর্যাপদের সম্ভাব্য রচনাকাল সম্পর্কে একটি গ্রহণযোগ্য সিদ্ধান্ত রচনা করুন। ১৫

অথবা

চর্যাপদে বিধৃত লৌকিক জগতের চিত্র অঙ্কিত করুন।

২। *শ্রীকৃষ্ণকীর্তন* কাব্যে যে বহুল কর্মতৎপর বড়াই চরিত্রের চিত্র রচিত হয়েছে, তার পরিচয় দিন। ১৫

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে জন্মখণ্ডের গুরুত্ব কী আলোচনা করে দেখান।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : ৫

(ক) উদ্ধৃতাংশের ব্যাখ্যা করুন :

জাহের বাণ চিহ্নরূব ন জাণী।
সো কইসে আগমবেএঁ বখাণী।।

কাহেরে কিষ ভণি মই দিবি পিরিচ্ছা।
উদকচান্দ জিম সাচ ন মিচ্ছা।।

অথবা

চন্দ সুজ্জ দুই চকা সিঠি সংহার পুলিংদা।
বাম দাহিণ দুই মাগ ন রেবই বাহতুচ্ছন্দা।।

কবড়ী ন লেই বোড়ী ন লেই সুচ্ছড়ে পার করেই।
জো রথে চড়িলা বাহবা ন জাই কুলে কুল বুড়ই।।

(খ) উদ্ধৃতাংশের ব্যাখ্যা করুন : ৫

কুসুমিত তরুগণ বসন্ত সমএ।
তাত মধুকর মধু পিএ।।

সুসর পঞ্চম শর গাএ পিকগণে।

তে কারণে থীর নহে মনে।।

অথবা

নিন্দএ চান্দ চন্দন রাধা সব খানে।

গরল সমান মানে মলয় পবনে।।

করে মনসিজ শর কুসুম শয়নে।

ব্রত করে পায়িতেঁ তোর আলিঙ্গনে।।

(গ) 'সন্ধ্যাভাষা' বলতে কী বোঝায় উদাহরণসহ ব্যাখ্যা করুন। ৫

অথবা

'মহাসুখ' বলতে কী বোঝানো হয়েছে ব্যাখ্যা করুন।

(ঘ) *শ্রীকৃষ্ণকীর্ত্তন* কাব্যে নারদ চরিত্রের মধ্য দিয়ে যে হাস্যরসের সৃষ্টি হয়েছে তা বিশ্লেষণ করুন। ৫

অথবা

শ্রীকৃষ্ণকীর্ত্তন কাব্যের তাম্বুলখণ্ডের বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা করুন।

M.A./M.Sc. Part-I(DE) EXAMINATION, 2011

বাংলা

পঞ্চম পাঠক্রম

সময় : দু'ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'পূর্ব পূর্ব রসের গুণ পরে পরে হয়' —

বৈষ্ণবীয় পঞ্চরসের সাধন কীভাবে পরিণতি পেয়েছে উদ্ধৃতিটি স্মরণে রেখে আলোচনা করুন। ১৫

অথবা

সাধ্য-সাধনতত্ত্বে প্রেমভক্তিই সাধনার চূড়ান্ত পর্যায়।— 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে বিষয়টি বিশদভাবে ব্যাখ্যা করুন।

২। 'প্রার্থনা' ও 'আত্মনিবেদন' পর্যায় দুটিতে রসবোধের সূক্ষ্ম পার্থক্য বর্তমান। উভয় পর্যায়ের পদের দৃষ্টান্ত দিয়ে এদের পার্থক্য নির্দেশ করুন। ১৫

অথবা

'গৌরাঙ্গ বিষয়ক' পদ ও 'গৌরচন্দ্রিকার' পার্থক্য নির্দেশ করে এই দুই পর্যায়ে গোবিন্দদাসের কৃতিত্ব নিরূপণ করুন।

৩। যে-কোনও দুটি প্রশ্নের উত্তর দিন। ৫×২=১০

(ক) 'গুণাধিক্যে স্বাদাধিক্য বাড়ে প্রতি রসে' — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির ব্যাখ্যা করুন।

(খ) 'স্বধর্ম্মাচরণে বিষ্ণুভক্তি হয়' — এবং 'স্বধর্ম্মত্যাগ সাধ্যসার' — এই উভয় বিষয়ে স্ববিরোধ আছে কি ? — আলোচনা করুন।

(গ) সাধ্য-সাধনতত্ত্ব আলোচনায় রায় রামানন্দ 'শান্ত' রসের উল্লেখ করেননি কেন ?

(ঘ) রাধার স্বরূপ কৃষ্ণ প্রেমকল্পলতা।
সখীগণ হয় তার পল্লব পুষ্প পাতা।।
— এই উদ্ধৃতি অবলম্বনে গোপীপ্রেমতত্ত্বের স্বরূপ ব্যাখ্যা করুন।

৪। যে-কোনও দুটি প্রশ্নের উত্তর দিন। ৫×২=১০

(ক) চৈতন্য-পূর্ববর্তী ও চৈতন্য-পরবর্তী অভিসার পর্যায়ের পদগুলির বৈশিষ্ট্য নির্দেশ করুন।

(খ) 'অনুরাগ' পর্যায়ের বৈশিষ্ট্য উল্লেখ করুন।

(গ) গোবিন্দদাসের ভণিতার লক্ষণগুলি বিবৃত করুন।

(ঘ) চণ্ডীদাসের পদে রাধার আক্ষেপ কতভাবে প্রকাশ পেয়েছে তা বলুন।

M.A./M.Sc. Part-I(DE) EXAMINATION, 2011

বাংলা

ষষ্ঠ পাঠক্রম

সময় : দু'ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ক্ষেমানন্দের *মনসামঙ্গল* কাব্যে করুণ রসই প্রাধান্য লাভ করেছে। আলোচনা করুন। ১৫

অথবা

লোরচন্দ্রাণী কাব্যের ময়না ও চন্দ্রাণী চরিত্র আলোচনা করে তাদের ভিন্নতা ও অভিন্নতার দিকগুলি পরিস্ফুট করুন।

২। *অন্নদামঙ্গল*-এর দেব চরিত্রগুলি আসলে অষ্টাদশ শতকের অবক্ষয়িত বাঙালী সমাজের প্রতিভূ। কয়েকটি অপ্রধান চরিত্র অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করুন। ১৫

অথবা

ভারতচন্দ্র ছিলেন একজন সচেতন রূপ-শিল্পী। *অন্নদামঙ্গল* অবলম্বনে এই মন্তব্যের সার্থকতা বিচার করুন।

৩। যে-কোনও চারটি প্রশ্নের উত্তর দিন। ৫×৪=২০

(ক) 'তোমা সবাকার ঘরে আর নাহি সাজে।
সকল ভাজের সঙ্গে নিত্য দ্বন্দ্ব বাজে।।'

বক্তা কে ? কার প্রতি এই উক্তি ? এর মধ্য দিয়ে কোন নির্মম সত্যটি পরিস্ফুট হয়েছে ?

(খ) কেতকাদাসের দেবী কী রূপে দেখা দেন ? তাঁর কাব্য রচনার মূলে দেবী মনসার প্রেরণার পরিচয় দিন।

(গ) চন্দ্রাণীর ধাত্রীমাতার ভূমিকা আলোচনা করুন।

(ঘ) *লোরচন্দ্রাণী* কাব্যে যোগী চরিত্রের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) *অন্নদামঙ্গল*-এর কাহিনীবৃত্তে ব্যাস প্রসঙ্গ উপস্থাপনার কারণ কী ?

(চ) *অন্নদামঙ্গল* কাব্যে বর্গীর অত্যাচারের কী বিবরণ পাওয়া যায় — সংক্ষেপে লিখুন।

(ছ) *অন্নদামঙ্গল* কাব্যে নবকুবের ও বসুন্ধরাএর অভিশপ্ত হবার কারণ কী ? পূর্ববর্তী মঙ্গলকাব্যগুলি থেকে এর পার্থক্য কোথায় ?

(জ) অন্নপূর্ণার পুরী নির্মাণ অংশে ভারতচন্দ্রের নাগরিক জীবনসচেতন কবিমনের যে পরিচয় পাওয়া যায় তা দৃষ্টান্তসহযোগে আলোচনা করুন।

M.A./M.Sc. Part-I(DE) Examination, 2011

বাংলা

সপ্তম পাঠক্রম

সময় : দু'ঘণ্টা

পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ভারতীয় সিদ্ধরসের ধারণাটিকে লঙ্ঘন করে কীভাবে *মেঘনাদবধ কাব্য*টি রচিত হয়েছে — আলোচনা করুন। ১৫

অথবা

মোহিতলালের কবিতায় রোম্যান্টিক সুরের প্রকাশ কীভাবে ঘটেছে উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

২। জীবনানন্দের কবিতায় চিত্রকল্প ব্যবহারের বিশিষ্টতা বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। ১৫

অথবা

বিষ্ণু দের কবিতার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

P.T.O.

৩। যে-কোনও **চারটি** প্রশ্নের উত্তর দিন। ৫×৪=২০

(ক) "বিসর্জি প্রতিমা যেন দশমী দিবসে।
সপ্ত দিবানিশি লঙ্কা কাঁদিলা বিষাদে।।" —

— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

(খ) 'পয়ার' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করুন।

(গ) 'সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়।' — এখানে 'সে' বলতে কার কথা বলা হয়েছে ? তার স্বরূপ ব্যক্ত করুন।

(ঘ) 'তাই লাশকাটা ঘরে চিৎ হয়ে শুয়ে আছে টেবিলের 'পরে।'

— এখানে 'তাই' অব্যয় পদটি ব্যবহারের বিশিষ্টতা কোথায় — সংক্ষেপে লিখুন।

(ঙ) 'ফেরারী ফৌজ' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করুন।

(চ) *মেঘনাদবধ কাব্য*-এর প্রথম সর্গে চিত্রাঙ্গদা রাবণের প্রতি কী অভিযোগ করে ? এরকম অভিযোগ করার কারণ কী ?

(ছ) মোহিতলালের কবিতায় তান্ত্রিকের জীবনধর্ম কতোখানি প্রতিফলিত হয়েছে ?

M.A./M.Sc. Part-I(DE) EXAMINATION, 2011

বাংলা

অষ্টম পাঠক্রম

সময় : দু'ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। দ্বিজেন্দ্রলাল বলেছিলেন তিনি *সাহাজান* নাটকে 'দোষগুণে জড়িত মনুষ্যচরিত্র' সৃষ্টি করতে প্রয়াসী হয়েছেন। — এ প্রয়াস কতোখানি সফল হয়েছে অন্তত দুটি চরিত্র আলোচনা করে দেখান। ১৫

অথবা

নবান্ন নাটকে সমকালীন সমাজ-বাস্তবতার রূপটি কতোটা সফলভাবে রূপায়িত হয়েছে আলোচনা করে দেখান।

২। *চাঁদবণিকের পালা* নাটকে 'বেণীনন্দন' 'বল্লভ' এবং 'করালী' চরিত্রগুলি কোন কোন ধারণার প্রতীকী উপস্থাপন ? আলোচনা করুন। ১৫

অথবা

'তপস্বী ও তরঙ্গিণী' নাটকে ঋষ্যশৃঙ্গ কীভাবে জীবনধর্ম সম্পর্কে অজ্ঞান অবস্থা উত্তীর্ণ হয়ে সত্যের সজ্ঞান সন্ধানে যাত্রা করল তা বিশ্লেষণ করে দেখান।

৩। যে-কোনও চারটি প্রশ্নের উত্তর দিন। ৫×৪=২০

(ক) *সাজাহান* নাটকে পিয়ারার কণ্ঠে কোন্ কোন্ বৈষ্ণবপদ গান হিসেবে ব্যবহার করা হয়েছে ? এই পদগুলি ব্যবহার করা হল কেন ?

(খ) 'সুন্দর তুমি পেটিকা/ অন্তরে নেই রত্ন' — এই ছত্রটিতে কী বোঝানো হয়েছে ?

(গ) *সাজাহান* নাটকের উপরে কেউ কেউ কিং লীয়র নাটকের প্রভাবের কথা বলেন। কোন দিক থেকে একথা বলা যায় ?

(ঘ) শুধু কোনমতে নিজেরে বাঁচেয়্যা রাখো। আদর্শের পাছে ছুট্যে কোনো লাভ নাই। — বক্তা কে ? তার কোন মানসিকতার পরিচয় এখানে ফুটে ওঠে ?

(ঙ) *নবান্ন* নাটকে নিরঞ্জন চরিত্রের ভূমিকা কী — বিশ্লেষণ করে দেখান।

(চ) তরঙ্গিণী কী কারণে তার প্রেমিক চন্দ্রকেতুকে গ্রহণ করলো না ?

(ছ) "জীবন কি বিধবার মতো ? যে তুমি তারে হবিষ্যান্ন খাওয়ানের নিদান দিতেছ" ? — কার উক্তি ? সে কেন একথা বলে ?

(জ) *নবান্ন* নাটকটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয় ? প্রথম কোন মঞ্চে অভিনীত হয় ?